দৈনিক ইনকিলাব

30 NOV 1988

তারিখ ...

পৃষ্ঠা ...



# ছাত্র-ছাত্রীদের যথাসময়ে ডিগ্রী দিয়ে বিশ্ববিদ্যালয় থেকে বিদায় জানানো হবে

—ভাইস চ্যান্সেলর

॥ স্টাফ রিপোর্টার ॥

"এখন থেকে আমরা তিন বছরের স্নাতক সম্মান কোর্স তিন বছরেই এবং এক বছরের স্নাতকোত্তর কোর্স এক বছরেই শেষ করে ছাত্র-ছাত্রীদের সর্বোচ্চ ডিগ্রী দিয়ে এ সুমহান ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিদায় জানাবো"। গতকাল ছাত্র-শিক্ষক কেন্দ্রে রাষ্ট্র বিজ্ঞান বিভাগ ও চারুকলা ইনস্টিটিউটের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান একথা বলেন।

প্রফেসর মান্নান বলেন, আমরা এখন আর কোন ক্রমেই সন্ত্রাসের কাছে, সন্ত্রাসবাদীদের কাছে, অশুভ শক্তির কাছে; এমনকি কোন অযৌক্তিক দাবীর কাছে নতি স্বীকার করছি না। ইতি মধ্যেই আমরা সন্ত্রাসবাদীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছি। সুষ্ঠু লেখাপড়ার স্বার্থে প্রয়োজনে আরো বহিষ্কার করবো।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর আয়োজিত উক্ত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব বুলবুল ওসমান, জনাব আবুল বারক আলভী, প্রমুখ।